



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএস : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২২৩৭)
E-mail : dgmlad1@krishibank.org.bd
dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ(শাখা-৪)/এসএমই-৭(৫)/২০১৯-২০২০/ ৮০৪(২২০০) তারিখ : ১৭/০২/২০২০

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন এবং লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূলশ্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। দেশের দারিদ্র্য হ্রাসকরণের লক্ষ্যমাত্রা অর্জনের সাথেও বিষয়টি অঙ্গাঙ্গিভাবে জড়িত। প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহণের বিষয়টি বিবেচনায় নিয়ে চলতি ২০১৯-২০ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকে মোট এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার (৪৫০০.০০ কোটি টাকা) ১০% নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রেখে লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। সে মোতাবেক এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের জন্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা দাঁড়ায় ৪৫০.০০ কোটি টাকা। বাংলাদেশ কৃষি ব্যাংক এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরে ১০০০ জন নতুন নারী উদ্যোক্তাকে ১০৫.০০ কোটি টাকা এসএমই ঋণ বিতরণ করতে হবে, যা উপরোক্ত লক্ষ্যমাত্রার আওতাভুক্ত থাকবে।

০৩। ২০১৯-২০২০ অর্থবছরের প্রথম ০৬ মাসে অর্থাৎ ডিসেম্বর/২০১৯ তারিখভিত্তিক অত্র ব্যাংকের নারী উদ্যোক্তা খাতে মোট এসএমই ঋণ বিতরণের পরিমাণ ৪৭.৬৪ কোটি টাকা, যা নারী উদ্যোক্তা খাতে মোট বিতরণ লক্ষ্যমাত্রার (৪৫০.০০ কোটি টাকা) ১১%, খুবই হতাশাব্যঞ্জক। এছাড়া একই সময়ে মাত্র ২৩৫ জন নতুন নারী উদ্যোক্তাকে (লক্ষ্যমাত্রাঃ ১০০০জন নতুন নারী উদ্যোক্তা) অর্থায়ন করা হয়েছে, যা সন্তোষজনক নয়। নারী উদ্যোক্তা খাতে ব্যাংকের বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন। এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন এবং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো :

- প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে Women Entrepreneurs Development Unit (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) স্থাপন এবং আবশ্যিকভাবে প্রতিটি শাখায় স্বতন্ত্র 'Women Entrepreneur's Dedicated Desk' স্থাপন করতে হবে সেখানে উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগ করে তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- প্রতিটি শাখা কর্তৃক তার আওতাধীন এলাকায় ন্যূনতম ০৩ জন উদ্যোগ গ্রহণে আগ্রহী নারী বা নারী উদ্যোক্তা খুঁজে বের করবেন (যারা ইতঃপূর্বে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করেননি)। এ সকল উদ্যোক্তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে এদের মধ্য হতে ন্যূনতম ০১ জনকে ঋণ সহায়তা প্রদান করতে হবে;
- নারী উদ্যোক্তা খাতে ভোগরত ঋণ সমূহ যথাযথভাবে তদারকিসহ প্রতিশ্রুতিশীল ও যোগ্য নারী উদ্যোক্তা নির্বাচন করে তাদেরকে এসএমই ঋণ সুবিধার আওতায় নিয়ে আসতে হবে। নতুন নারী উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধি তথা এসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষিত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনে মার্চ/২০২০ এর মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ জুন/২০২০ এর মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% অর্জন করতে হবে;
- বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে স্থাপিত নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র হিসাবে কাজ করবে এবং শাখা পর্যায়ে স্থাপিত স্বতন্ত্র 'Women Entrepreneur's Dedicated Desk' এর কার্যক্রম মনিটরিং করবে।


চলমান পাতা-০২

৪৮

০৫। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উল্লেখিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়নসহ চলতি অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-বিকেবি-প্রকা/ক্রঃবিঃ(শাখা-৪)/এসএমই-৭(৫)/২০১৯-২০/

তারিখঃ ঐ

সদয় স্ভাভার্থে অনুলিপি প্রেরনঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ✓ ০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ আইসিটি সিস্টেমস্ বিভাগ (পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ) বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. নথি/ মহানথি।



২৭.০২.২০২০

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা